

১৬
(প্রমদাবাবুকে লিখিত)

ঈশ্বরো জয়তি

বরাহনগর, কলিকাতা
১৩ই ডিসেম্বর, ১৮৮৯

পূজ্যপাদেশু,

আপনার পত্র পাইয়া সবিশেষ অবগত হইলাম -- পরে রাখালের পত্রে তাঁহার আপনার সহিত সাক্ষাত হইয়াছে, তাহাও জানিলাম। আপনার রচিত pamphlet (পুস্তিকা) পাইয়াছি। Theory of Conservation of Energy (শক্তির নিত্যতা -- এই মতবাদ) আবিষ্কারের পর হইতে ইওরোপে এক প্রকার scientific (বৈজ্ঞানিক) অদ্বৈতবাদ প্রচারিত হইতেছে, কিন্তু তাহা পরিণামবাদ। আপনি ইহার সহিত শঙ্করের বিবর্তবাদের যে পার্থক্য দেখাইয়াছেন, তাহা অতি উত্তম। জার্মান Transcendentalist-দের^১ উপর স্পেন্সারের যে বিদ্রূপ উদ্ধৃত করিয়াছেন, তাহা বুঝিলাম না; তিনি স্বয়ং উহাদের প্রসাদভোজি। আপনার প্রতিদ্বন্দ্বী গাফ (Gough) সম্যকরূপে হেগেল বুঝেন কি না, সে বিষয়ে সন্দেহ আছে। যাহা হউক, আপনার উত্তর অতি pointed (তীক্ষ্ণ) এবং thrashing (সম্পূর্ণরূপে বিপক্ষযুক্তি-খন্ডনকারী)।

দাস

নরেন্দ্রনাথ

^১ যাঁহারা বলেন, ইন্দ্রিয়জন্য-জ্ঞান-নিরপেক্ষ স্বতঃসিদ্ধ আরও একপ্রকার জ্ঞান আছে।